



# বাংলাদেশ ট্যানার্স এসোসিয়েশন (বিটিএ)

## BANGLADESH TANNERS ASSOCIATION (BTA)

“চামড়া শিল্পনগরী, ঢাকা-য় ট্যানারী কারখানার চামড়া উৎপাদন পরিস্থিতি ও টেকসই উন্নয়নে প্রস্তাবনা”  
শীর্ষক সেমিনার

স্থানঃ স্যামসন এইচ চৌধুরী সেন্টার (২য় তলা), ঢাকা ক্লাব লিঃ, রমনা, ঢাকা  
তারিখ ও সময়ঃ ২৫ জুলাই, ২০১৯ খ্রীঃ রোজঃ বৃহস্পতিবার, সকাল ১১:০০ ঘটিকা  
অয়োজনে ঃ বাংলাদেশ ট্যানার্স এসোসিয়েশন (বিটিএ) এবং লেদার সেক্টর বিজনেস প্রমোশন কাউন্সিল (এলএসবিপি), বাণিজ্য মন্ত্রণালয়

দেশের অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালনকারী চামড়া শিল্প একটি বৃহত্তম রপ্তানি খাত। এ খাতে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে বিস্তার জনগোষ্ঠী সম্পৃক্ত রয়েছে। চামড়া শিল্পকে আধুনিক ও পরিবেশবান্ধব করার লক্ষ্যে ট্যানারী শিল্পপ্রতিষ্ঠান হাজারীবাগ হতে চামড়া শিল্পনগরী, ঢাকা-য় স্থানান্তর করা (Relocation) হয়েছে। স্থানান্তর প্রক্রিয়ায় নতুন শিল্পনগরীতে চামড়া উৎপাদন কার্যক্রম সাময়িকভাবে বন্ধ রাখতে হয়েছিল বিধায় উৎপাদন এবং রপ্তানি আশংকাজনকভাবে হ্রাস পেয়েছে। চামড়া শিল্পনগরী, ঢাকাকে সম্পূর্ণরূপে আধুনিক ও পরিবেশবান্ধব করার লক্ষ্যে শিল্প মন্ত্রণালয় অব্যাহত প্রয়াস চালিয়ে যাচ্ছে।

সিইটিপি সম্বলিত আধুনিক চামড়া শিল্পনগরী চামড়া শিল্পে ইতিবাচক দৃশ্যমান পরিবর্তন এনেছে যা মিডিয়ায় তুলে ধরা সম্ভব হলে চামড়া শিল্পের ভাবমূর্তি বৃদ্ধি পাবে। ২০২৪ সালে বাংলাদেশ উন্নয়নশীল দেশের স্বীকৃতি পাবে। সে সময় এলডিসি দেশসমূহে প্রদেয় সুবিধাদি বাংলাদেশের জন্য প্রযোজ্য হবে না। সে জন্য আমাদেরকে যে চ্যালেঞ্জসমূহ মোকাবেলা করতে হবে তার পূর্বপ্রস্তুতি নিতে হবে। Environmental, Social and Quality Compliance নিশ্চিত করে গুণগত মানসম্পন্ন চামড়া Competitive price এ সরবরাহ করতে পারলে বাংলাদেশের বিশ্ব বাজারে টিকে থাকার সক্ষমতা বৃদ্ধি পাবে।

ক্রমবর্ধমান চামড়া শিল্পে অর্থনৈতিক, টেকনোলজিক্যাল এবং পলিসিগত সহায়তা প্রয়োজন। এ সকল সহায়তা পেলে চামড়া শিল্প ২০২১ সালে চামড়া খাতে রপ্তানি আয়ের লক্ষ্যমাত্রা অর্জনে এবং SDGs এর লক্ষ্যমাত্রা অর্জনে সহায়ক ভূমিকা পালন করবে।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন-

জনাব মোঃ শাহীন আহমেদ, চেয়ারম্যান, বাংলাদেশ ট্যানার্স এসোসিয়েশন (বিটিএ)

প্রধান অতিথি-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিল্প মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী জনাব নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন

বিশেষ অতিথি-

জনাব মোঃ আবদুল হালিম, সচিব, শিল্প মন্ত্রণালয় এবং


জনাব মোঃ আবুল কালাম আজাদ, মুখ্য সমন্বয়ক (এসডিজি বিষয়ক), প্রধানমন্ত্রীর কার্যালয়।

রিসোর্স পার্সন-

ড. এম. আবু ইউসুফ, প্রফেসর এবং প্রাক্তন চেয়ারম্যান, ডিপার্টমেন্ট অব ডেভেলপমেন্ট স্টাডিজ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

তিনি “চামড়া শিল্পনগরী, ঢাকা-য় ট্যানারী কারখানার চামড়া উৎপাদন পরিস্থিতি ও টেকসই উন্নয়নে প্রস্তাবনা” এর উপর একটি উপস্থাপনা করেন।

এছাড়াও, শিল্প মন্ত্রণালয় এবং বাণিজ্য মন্ত্রণালয়ের বিশিষ্ট ব্যক্তিবর্গ ও বাংলাদেশ ট্যানার্স এসোসিয়েশন (বিটিএ) এর সিনিয়র ভাইস চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান, ট্রেজারার, এসোসিয়েশনের জেনারেল এবং এসোসিয়েট সদস্যগণ এবং চামড়া শিল্প সংশ্লিষ্ট বিশিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

  
(মোঃ সাখাওয়াত উল্যাহ)  
জেনারেল সেক্রেটারী

